

BIOFLOC FISH FARMING

বাংলা PDF

প্রথমে সকল কে জানাই :- সালাম , নমস্কার , ও প্রনাম ।

স্বাগতম সকল কে HENA FISH FARMING এর বাংলা PDF BOOK এ ...

আশা করছি যে সকল বন্ধুরা আমার এই বাংলা PDF BOOK পড়ছেন তারা সবাই BIOFLOC সিস্টেমে মাছ চাষ করতে আগ্রহি বা অনেকেই এই পদ্ধতিতে মাছ চাষ ইতি মধ্যেই শুরু করেছেন , আপনাদের কে আরো সহজে BIOFLOC সিস্টেমে মাছ চাষের ট্রেনিং দেবার জন্য আমাদের এই বাংলা PDF BOOK .

আসুন তাহলে দেখি সর্ব প্রথমে BIOFLOC সিস্টেমে মাছ চাষের জন্য কি কি দরকার :-


① . Boifloc সিস্টেমে মাছ চাষ করার জন্য প্রথমে ট্যাঙ্ক তৈরি করতে হবে ।

আপনার বাজেট অনুসারে আপনি ট্রাঙ্ক নির্মাণ করবেন ।

ট্রাঙ্ক নির্মাণ :- সিমেন্ট অথবা তারপলিন দিয়ে করতে পারেন ।

তবে মনে রাখবেন বিজ্ঞান পদ্ধতিতে তারপলিন এর গোলাকার ট্রাঙ্কে মাছ চাষ করা ভালো ।

★ ২. একটি ১০,০০০ লিটার গোল ট্যাঙ্ক তৈরি করার পদ্ধতি –



ট্যাঙ্ক সাইজ >>

পরিধি = ১২ . ৫৬ মিটার

ডায়া A----B = ৪ মিটার

কেন্দ্র বিন্দু থেকে = $A----B / ২ = ২$ মিটার

উচ্চতা = ৪ ফুট

ট্যাংক নির্মাণ:-

প্রথমে গ্রেড রড দিয়ে ট্যাংকের বৃত্তাকার খাঁচাটি তৈরি করতে হবে। যেই স্থানে ট্যাংকটি স্থাপন করা হবে সেই জায়গাতে খাঁচার পরিধির সমান করে সিসি ঢালাই দিতে হবে। বৃত্তের ঠিক কেন্দ্রে পানির একটি আউটলেট পাইপ স্থাপন করতে হবে। এরপর খাঁচাটিকে ঢালাই মেঝের উপর স্থাপন করে মাটিতে গেঁথে দিতে হবে। মেঝের মাটি শক্ত ও সমান হলে ঢালাইয়ের পরিবর্তে পরিধির সমান করে পুরু পলিথিন বিছিয়েও মেঝে প্রস্তুত করা যায়। এরপর উন্নতমানের তারপুলিন দিয়ে সম্পূর্ণ খাঁচাটি ঢেকে দিতে হবে। তার উপর পুরু পলিথিন দিয়ে আচ্ছাদিত করে তাতে পানি মজুদ করতে হবে।

Biofloc শুরু করতে যে সকল জিনিস কিনতে হবে –

১ . probiotic

২ . PH meter

৩ . Tds meter

৪ . Ammonia test kit

৫ . Nitrite test kit

৬ . Airpump resun aco003

৭ . Digital Thermometer

৮ . Soft Plastic Oxygen Pump Hose

৯ . Air Bubble Stone

১০ . Digital Electronic Weighing Scale

১১ . Imhoff Cone

১২ . লবন

১৩ . চুন

১৪ . চিটাগুড়

১৫ . ফিড

১৬ . মাছের পোনা বা চারা মাছ ।

এই সকল জিনিস পত্র আপনার কাছের শহরে সন্ধান করুন পেয়ে যাবেন , অথবা অনলাইন [Amazon](#) এ বেশির ভাগ জিনিস পত্র পেয়ে যাবেন , এছাড়া ভারতের নদিয়া বা মুর্শিদাবাদ এর মানুষ হলে যোগাযোগ করতে পারেন । **Email :-**

ajad9467@gmail.com

WhatsApp – +91 7908663012

Biofloc শুরু করার সময় ট্যাঙ্কে –

** লবন > প্রতি ১,০০০ লিটার পানিতে -- ১ --কিলো গ্রাম ব্যবহার করতে হবে

তবে প্রাথমিক অবস্থায় ১,০০০ লিটার পানিতে ৫০০ গ্রাম লবন ব্যবহার করুন এবং আস্তে আস্তে তার মাত্র বাড়াতে পারেন । TDS মাত্রা ১৮০০ থেকে ২০০০ হওয়া পর্যন্ত ।

** Caco3 বা => চুন > প্রতি ১,০০০ লিটার পানিতে -- ৫০ -- গ্রাম ব্যবহার করতে হবে

** প্রবাইটিক > প্রতি ১,০০০ লিটার পানিতে -- ৫ -- গ্রাম ব্যবহার করতে হবে।

** মোলাশিশ => চিটাগুড় > প্রতি ১,০০০ লিটার পানিতে -- ১০০ -- গ্রাম ব্যবহার করতে হবে

লবন ও চুন দিনের বেলাতে ব্যবহার করুন। এবং একই দিনে - প্রবাইটিক ও মোলাশিশ সন্ধ্যায় ব্যবহার করতে পারেন।

জলের প্যারা মিটার পরিমাপ :-

*** জলের TDS মাত্রা ১৮০০ থেকে ২০০০ রাখতে হবে।

TDS এর কম থাকলে জলে সধারণ লবন ব্যবহার করতে হবে এবং TDS ১৮০০ থেকে ২০০০ এ নিয়ন্ত্রন করতে হবে।

*** এবং P.H এর মান ৬ থেকে ৮ এ নিয়ন্ত্রন করতে হবে।

P.H এর মান ৬ থেকে ৮ এর কম থাকলে জলে Caco3 বা => চুন ব্যবহার করতে হবে।

*** অ্যামোনিয়া মাত্রা - .০ থেকে ০.৫ রাখতে হবে।

অ্যামোনিয়া মাত্রা বেশি হয়ে গেলে - জলে মোলাশিশ ব্যবহার করতে হবে।

বায়োলক পদ্ধতিতে মাছ চাষে পানির গুণাবলীঃ

১. তাপমাত্রা - ২৫ - ৩০ ° C

২. পানির রং - সবুজ, হালকা সবুজ, বাদামী।

৩. দ্রবীভূত অক্সিজেন - ৭-৮ mg/L

৪. ক্ষারত্ব - ৫০ - ১২০ mg/L

৫. লবণাক্ততা - ১ - ২ ppt

৬. খরতা - ৬০ - ১৫০ mg/ L

৭. ক্যালসিয়াম - ৪ - ১৬০ mg/L

৮. ফলকের ঘনত্ব - ৩০০ গ্রাম / টন

৯. নাইট্রাইট - ০.১ - ০.২ mg/L

১০. নাইট্রেট - ০ - ৩ mg/L

১১. ফসফরাস - ০.১ - ৩ mg/L ১২. H₂S - ০.০১ mg/ L

১৩. আয়রন - ০.১ - ০.২ mg/L

১৪. পানির স্বচ্ছতা - ২৫ - ৩৫ সে.মি.

১৫. পানির গভীরতা - ৩ - ৪ ফুট

বায়োফ্লকের এক্টিভিটি পর্যবেক্ষণঃ-

পানিতে যথাযথ পরিমাণ ফ্লক তৈরির লক্ষন হল -

১. পানির রং সবুজ বা বাদামী দেখায়।

২. পানিতে ক্ষুদ্র ক্ষুদ্র কণা দেখা যায়।

৩. পানির অ্যামোনিয়া পরীক্ষা করলে পানি অ্যামোনিয়া মুক্ত দেখায়।

৪. প্রতি লিটার পানিতে ০.৩ গ্রাম ফ্লকের ঘনত্ব পাওয়া যাবে।

৫. ক্ষুদ্রপানা দেওয়ার পর তাদের বংশ বিস্তার পরিলক্ষিত হয়।

Step :-1

ট্যাঙ্ক সেট আপ করা হলে ট্যাঙ্কে অর্ধেক জল ভর্তি করে নিন। এর পর জলে অক্সিজেনের জন্য এয়ার পাম্প দ্বারা ১০,০০০ লিটার ট্যাঙ্কে ৮ থেকে ১০ টি পাইপ দ্বারা এয়ারেশন চালু করুন। ট্যাঙ্কের তিন স্তরে এয়ার স্টোন লাগাবেন। ট্যাঙ্কের তলা থেকে ৪ ইঞ্চি উপরে, মধ্য ভাগে, এবং উপর স্তরে।

(মনে রাখবেন এয়ারেশন দিন রাত ২৪ ঘন্টা চালু রাখা প্রয়োজন)



এয়ার পাইপ

Step :-2

এয়ারেশন চালুর এক থেকে দুই দিন পর জলে পরিমান মতো লবন ও চুন প্রয়োগ করুন। এবং একই দিনে – সন্ধ্যায় প্রবাইটিক ও মোলাশিশ ব্যবহার করবেন।

লবন, চুন, প্রবাইটিক, ও মোলাশিশ সরাসরি ট্যাঙ্কে ব্যবহার না করে – প্রথমে একটি পাত্রে জলের মিশ্রন করে ট্যাঙ্কে ব্যবহার করা ভালো।

এর পর ৭ থেকে ১৪ দিন পর্যন্ত এয়ারেশন চালু রাখুন ট্যাঙ্কে।

Step :-3

৭ দিন পরে থেকে জল পরিক্ষা করুন :-

জলে যথাযথ পরিমাণে ফ্লক তৈরি হলে :-

- ১) জলের রং সবুজ, বাদিমী, ও গাড়ো সবুজ দেখায়।
- ২) জলে ক্ষুদ্র ক্ষুদ্র কনা দেখা যায়।
- ৩) জলে অ্যামোনিয়া পরিক্ষা করলে, অ্যামোনিয়া মুক্ত দেখায়।
- ৪) প্রতি লিটার জলে ০.৩ গ্রাম ফ্লকের ঘনত্ব পাওয়া যায়।

Step :-4

সব কিছু ঠিক থাকলে এবার জলের TDS মাত্রা পরিক্ষা করুন - TDS মাত্রা ১৮০০ থেকে ২০০০ রাখতে হবে।

এর পর জলের P.H পরিক্ষা করুন - P.H এর মান - ৬ থেকে ৮ এ রাখতে হবে।

Step :-5

এর পর জলের তাপমাত্রা পরিক্ষা করুন - তাপমাত্রা ২৫ - ৩০ °C মাছের জন্য ভালো ।

তবে ২০°C এর নিচে বা ৩৫°C এর উপরে তাপমাত্রা গেলে মাছের গ্রোদ কমে যায় বা মাছ মারা যাতে পারে , তাই তাপমাত্রা নিয়ন্ত্রন রাখতে হবে ।

Step :-6

সব কিছু ঠিক থাকলে এবারে মাছের পোনা নির্বাচন করুন :-

মাছ চাষার জন্য পোনা নির্বাচন করা খুবি গুরুত্বপূর্ণ । এই পোনা নির্বাচনের উপরে লাভ ক্ষতির অনেক অংশ নির্ভর করে । তাই ভাল মানের পোনা নির্বাচন করুন ,

ভাল মানের পোনার কিছু বৈশিষ্ট :-

- ১) পোনা চঞ্চল ও উজ্বল হবে ।
- ২) সব পোনা এক মাপের হবে । সাইজ এবং ওজন
- ৩) ত্বক পিচ্ছিল হবে ।
- ৪) শরিরে দাগ বা ক্ষত থাকবে না।
- ৫) আইশ উজ্বল ও বাকঝকে হবে ।

Step :-7

পোনা ট্যাঙ্কে ছাড়ার পূর্বে ট্যাঙ্কের জলের তাপমাত্রা ও পোনা নির্বাচিত জলের তাপমাত্রা বরাবর রাখুন

পোনা গুলো হালকা পটাশিয়াম জলে ধুয়ে শোধন করে নিতে পারেন।

এর পর ট্যাঙ্কে পোনা ছাড়ুন।

মনে রাখবেন মাছ ছাড়ার ১২ ঘন্টার আগে ভুলেও খাবার দেবেন না। ১২ থেকে ২৪ ঘন্টা পরে জলে ভাসমান খাবার ব্যবহার করুন ট্যাঙ্কে।

Step :-8

ফিড দেবার নিয়ম :-

FCR (feed conversion ratio) :-

| বয়স/ দিন ভিত্তক | খ্যাদের প্রকার | মাছের ওজন আনুযায়ী খাবের % | দিনে কত বার খাবার | কাজিত ওজন |
|------------------|----------------|-------------------------------|-------------------|-----------|
| ১ - ১৫ | প্রি-স্টাটার | ৫% | ৩ বার | ৬ গ্রাম |
| ১৬ - ৩০ | প্রি-স্টাটার | ৫% | ৩ বার | ২৫ গ্রাম |
| ৩১ - ৫০ | স্টাটার | ৪% | ৩ বার | ৩৬ গ্রাম |
| ৫১ - ৬০ | গ্রোয়ার | ৪% | ৩ বার | ৫০ গ্রাম |
| ৬১ - ৭৫ | গ্রোয়ার | ৩% | ৩ বার | ৭২ গ্রাম |
| ৭৬ - ৯০ | গ্রোয়ার | ৩% | ২ বার | ১০০ গ্রাম |

| | | | | |
|-----------|---------|----|-------|-----------|
| ৯১ - ১০৫ | ফিনিশার | ২% | ২ বার | ১২০ গ্রাম |
| ১০৬ - ১২০ | ফিনিশার | ২% | ২ বার | ১৫০ গ্রাম |

বিঃ দ্রঃ – এই PDF বইটিতে কোন তথ্য ভুল পরিলক্ষিত বা আরো কিছু তথ্য অ্যাড করতে হলে দয়াকরে Email :- ajad9467@gmail.com অথবা ভিডিও তে কमेंট করে জানাবেন , আমি যত দ্রুত সম্ভব আপডেট করে দেবো , ইনশাআল্লাহ ।

বিঃ দ্রঃ – আমার প্রিয় ভাই ও বন্ধুরা আমার এই PDF বইটি পড়ে আপনি উপকৃত হলে , এবং আমার কষ্টের ফল স্বরূপ কিছু আর্থিক সহায়তা করতে চাইলে ।



PhonePe

amazon



Pay

Paytm

করুন :- 790 866 3012

HENA FISH FARMING

মুর্শিদাবাদ * পশ্চিমবঙ্গ * ভারত

পিন- ৭৪২৩০৩

HENA FISH FARMING